ইত্তেফাক

তারিখ ... ১৭।১২।৭৭ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

078

## শিক্ষকদের প্রতি শিক্ষা ব্যবস্থার পরিবর্তনে অবদান রাখার আহ্বান

চট্টগ্রাম, ১৭ই ডিসেম্বর (বাসস)—উপ-প্রধানমন্ত্রী জামাল উদ্দিন আহমদ বর্তমান শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনে, বিশেষ করিয়া দেশে কারিগরি শিক্ষা সম্প্রসারণের ক্ষেত্রে অবদান রাখার জন্য শিক্ষক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানাইয়াছেন।

আজ সকালে মুসলিম ইন্সটিটিউট মিলনায়তনে চট্টগ্রাম জেলা শিক্ষক সমিতির সম্মেলন উদ্বোধনকালে তিনি বলেন যে, দেশের শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়নে

(৫ম পৃঃ দ্রঃ)

## শিক্ষকদের প্রতি

(৩য় পৃঃ পর)

শিক্ষকদের আইনগত ভূমিকা রহিয়াছে এবং তাঁহারা জাতির প্রতি নিজেদের দায়িত্ব সম্পর্কে সচেতন থাকিবেন।

শিক্ষা প্রতিমন্ত্রী আবদুল বাতেন তাঁহার বক্তৃতায় বর্তমানে শিক্ষানীতি, শিক্ষকদের বেতন কাঠামো এবং সরকারী ও বেসরকারী স্কুল শিক্ষকদের বেতন কাঠামোর মধ্যে বৈষম্য সম্পর্কে আলোচনা করেন।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আবদুল মান্নান শিক্ষকদের পাঁচ দফা দাবী সম্পর্কে বক্তব্য রাখেন।